

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থ বছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্ম পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে গঠিত পরিবীক্ষণ কমিটি'র ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর'২২) প্রতিবেদন।

পরিবীক্ষণ কমিটির কর্মকর্তাগণ:

- ১) জনাব মোঃ আঃ খালেক মল্লিক, অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) জনাব মোহাম্মদ ইলিয়াস হোসেন, যুগ্মসচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) মোল্লা মিজানুর রহমান, উপসচিব (প্রশাসন-৩), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) জনাব মোঃ মফরুল আলম, প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।


জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থ বছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্ম পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২৯ সেপ্টেম্বর, ২০২২ তারিখে ত্রৈমাসিক পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদনের স্বার্থে কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি কর্মপরিশি অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরে প্রতি তিন মাস অন্তত একটি করে ৪টি পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করবে এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্ম পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে। সে পরিপ্রেক্ষিতে কমিটি ২৯-০৯-২০২২ তারিখে একটি সভায় মিলিত হয় এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করে।


২। কমিটির কার্যক্রম:


কমিটি গত তিন মাসে এ বিভাগে দাখিলকৃত অনলাইন ও হার্ড কপিতে প্রাপ্ত অভিযোগের বিষয়ে আলোচনা করে। আলোচনায় জানানো হয়, গত তিন মাসে যেসকল অভিযোগ পাওয়া গিয়েছে সকল অভিযোগ নির্দিষ্ট সময়ের মধ্যেই নিষ্পত্তি করা হয়েছে। বিগত তিন মাসের মধ্যে জুলাই'২২ মাসে ওয়েবসাইটের মাধ্যমে ৬টি অভিযোগ পাওয়া গিয়েছে এবং সবগুলো অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তবে, প্রচলিত পদ্ধতিতে কোন অভিযোগ পাওয়া যায়নি। আগস্ট'২২ মাসে ওয়েবসাইটের মাধ্যমে ১২টি অভিযোগ পাওয়া গিয়েছে এবং সবগুলো অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রচলিত পদ্ধতিতে কোন অভিযোগ পাওয়া যায়নি।


৩। কমিটির মন্তব্য/সুপারিশ:

ক্রম	মন্তব্য/সুপারিশ	বাস্তবায়নে
৩.১	এ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্ম পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে।	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি।
৩.২	এ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের যে কোন অভিযোগ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।	এ বিভাগের জিআরএস ফোকাল পয়েন্ট।
৩.৩	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্ম পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক নির্দিষ্ট সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে।	প্রশাসন-৩ অধিশাখা


(মোঃ মফরুল আলম)
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ


(মোল্লা মিজানুর রহমান)
উপসচিব (প্রশাসন-৩)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ


(মোহাম্মদ ইলিয়াস হোসেন)
যুগ্মসচিব (প্রশাসন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ


(মোঃ আঃ খালেক মল্লিক)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ